**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# এরি কাউন্টির I-190 এ 8.3 মিলিয়ন ডলারের সেতু প্রতিস্থাপন প্রকল্প সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***নতুন বিভার আইল্যান্ড পার্কওয়ে ব্রিজের মধ্যে ভার্টিকাল ক্লিয়ারেন্স বৃদ্ধি সহ উন্নত নিরাপত্তামূলক বৈশিষ্ট্য, সড়কের পৃষ্ঠতল উন্নতকরণ এবং অধিকতর প্রশস্ত ট্রাভেল লেন অন্তর্ভুক্ত রয়েছে***

***গত পাঁচ বছরে থ্রুওয়ে অথরিটি এটির বাফেলো ডিভিশনে 69টি সেতু প্রতিস্থাপন বা সংস্কারের জন্য 80.9 মিলিয়ন ডলারেরও বেশি পুনরায় বিনিয়োগ করেছে***

***বিদ্যমান সেতুটি 3 এপ্রিল তারিখের সপ্তাহ থেকে শুরু করে প্রকল্প চলাকালীন সময়ের জন্য বন্ধ হয়ে যাবে; অন্য পথ দিয়ে যাতায়াতের ব্যবস্থা করা হবে***

গভর্নর ক্যাথি হোকল আজ এরি কাউন্টিতে নায়াগ্রা থ্রুওয়ের (I-190) উপরস্থ বিভার আইল্যান্ড পার্কওয়ে ব্রিজটি প্রতিস্থাপনের জন্য 8.3 মিলিয়ন ডলারের প্রকল্পের কথা ঘোষণা করেছেন, যেটির নির্মাণকাজ 27 মার্চ তারিখের সপ্তাহ থেকে শুরু হতে যাচ্ছে।

"গ্র্যান্ড আইল্যান্ড নিউ ইয়র্ক স্টেটে পর্যটন ও বাণিজ্যিক ট্রাফিকের জন্য একটি অবিচ্ছেদ্য আন্তর্জাতিক গেটওয়ে, যা প্রতি বছর কানাডা থেকে কয়েক মিলিয়ন মানুষকে স্বাগত জানায়," **বলেছেন গভর্নর হোকল।** "প্রায় 70 বছরের পুরোনো এই সেতুটি প্রতিস্থাপন করার মাধ্যমে, থ্রুওয়ে অথরিটি (Thruway Authority) স্টেটের পরিবহন অবকাঠামোর আধুনিকায়ন করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদেরকে একটি উন্নত ভ্রমণ অভিজ্ঞতা প্রদান করা এবং তাদের জন্য যাতায়াত সহজতর করা অব্যাহত রেখেছে।"

গ্র্যান্ড আইল্যান্ড টাউনে অবস্থিত বিভার আইল্যান্ড পার্কওয়ে সেতুটি (মাইলপোস্ট 15.46) 1954 সালে নির্মিত হয়েছিল এবং এই সেতুটি প্রতিদিন I-190 এর উপর দিয়ে আনুমানিক 13,000 যানবাহন বহন করে। সম্পন্ন হয়ে যাওয়ার পরে নতুন সেতুটিতে অধিকতর প্রশস্ত লেন এবং ইমার্জেন্সি শোল্ডার, 14'2" থেকে বৃদ্ধি পেয়ে 16'9" হওয়া ভার্টিকাল ক্লিয়ারেন্স, একটি নতুন গাইডরেল এবং একটি নতুন রাইডিং সারফেস থাকবে। আবহাওয়ার ওপর ভিত্তি করে বিদ্যমান

কাঠামোটিতে 3 এপ্রিল তারিখের সপ্তাহ থেকে সব ট্রাফিক চলাচল বন্ধ করে দেওয়া হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

2018 সাল থেকে, থ্রুওয়ে অথরিটি এটির বাফেলো ডিভিশনে মূলধন সংক্রান্ত অবকাঠামো প্রকল্পগুলোতে 173.1 মিলিয়ন ডলারেরও বেশি পুনরায় বিনিয়োগ করেছে, যার মধ্যে 69টি সেতু প্রতিস্থাপন বা সংস্কার করার জন্য 80.9 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে। রচেস্টারে I-90 থেকে পেনসিলভেনিয়া সীমান্ত পর্যন্ত, এবং সেইসাথে থ্রুওয়ে মেইনলাইন থেকে নায়াগ্রা ফলস পর্যন্ত নায়াগ্রা থ্রুওয়ে (I-190) থ্রুওয়েের বাফেলো ডিভিশনের আওতাভুক্ত।

**থ্রুওয়ে অথরিটির অন্তর্বর্তীকালীন এক্সিকিউটিভ ডিরেক্টর ফ্র্যাঙ্ক হোয়ার বলেন,** "আমাদের সড়কপথের অন্য অনেক সেতুর মতোই বিভার আইল্যান্ড পার্কওয়ে ব্রিজটি থ্রুওয়ে সিস্টেমের মূল অংশ এবং এটি প্রতিস্থাপন করার প্রয়োজন দেখা দিয়েছে। এধরনের অবকাঠামো প্রকল্পগুলোর মাধ্যমে মোটরযান চালকরা নিজেদের টোলের ডলার কাজে লাগতে দেখতে পাচ্ছেন, যেখানে টোল বাবদ পাওয়া রাজস্বকে আমাদের সিস্টেমের রক্ষণাবেক্ষণ ও দীর্ঘমেয়াদী কার্যকারিতার জন্য পুনরায় বিনিয়োগ করা হচ্ছে। পুরোনো হয়ে যাওয়া অবকাঠামোগুলোর উন্নয়ন করা একটি শীর্ষ অগ্রাধিকার, এবং প্রকল্পটি সম্পন্ন হয়ে যাওয়ার পরে মোটরযান চালকরা নতুন সেতুটিতে উন্নত ভ্রমণ অভিজ্ঞতা উপভোগ করবেন।"

**স্টেট সিনেটর টিম কেনেডি বলেন,** "বিভাগ আইল্যান্ড স্টেট পার্কওয়ে সেতুটি গ্র্যান্ড আইল্যান্ডের অধিবাসীদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধমনী হিসেবে কাজ করছে, এবং বছরের পর বছর ধরে ব্যবহারের ফলে এটির অবস্থার অবনতি ঘটেছে। থ্রুওয়েকে এটির প্রতিস্থাপন প্রকল্প ত্বরান্বিত করতে বলার পরে, আমি এটা দেখে আনন্দিত যে অথরিটি এসব মেরামত কাজকে অগ্রাধিকার দিচ্ছে এবং উল্লেখযোগ্য উন্নয়নের ক্ষেত্রে জনসাধারণের মতামতকে অন্তর্ভুক্ত করছে। এই প্রকল্প শুধু ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অবকাঠামোতেই নয়, বরং গ্র্যান্ড আইল্যান্ডকে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া মানুষদের ওপর একটি বিনিয়োগ।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যাঞ্জেলো জে. মরিনেলো বলেন,** "নায়াগ্রা থ্রুওয়েের উপরে অবস্থিত প্রায় 70 বছরের পুরোনো বিভার আইল্যান্ড পার্কওয়ে ব্রিজটি প্রতিস্থাপন করার প্রয়োজনীয়তা অনুধাবন করার জন্য নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়ে অথরিটিকে ধন্যবাদ। সেতু প্রতিস্থাপন করা নিউ ইয়র্কের জন্য একটি অগ্রাধিকারমূলক কাজ, এবং আমি আনন্দিত যে শুরুর দিকে প্রতিস্থাপন কাজ শুরু হতে যাওয়া সেতুগুলোর একটির জন্য গ্র্যান্ড আইল্যান্ড নির্বাচিত হয়েছে।"

3 এপ্রিল সকাল থেকে শুরু করে প্রকল্প চলাকালীন সময়ের জন্য বিভার আইল্যান্ড সেতুটির সব ট্রাফিক চলাচল বন্ধ হয়ে যাবে, যে প্রকল্পটি 2023 সালের শেষ নাগাদ সম্পন্ন হওয়ার সময়সূচি নির্ধারণ করা হয়েছে। এই কাজ আবহাওয়ার উপর ব্যাপকভাবে নির্ভরশীল, এবং তারিখগুলো পরিবর্তিত হতে পারে৷

নির্মাণকাজ চলাকালীন সময়ে I-190 থেকে উত্তর দিকে বের হওয়ার পথ 18B (বিভার আইল্যান্ড স্টেট পার্ক) র‍্যাম্প বন্ধ থাকবে। 3.8 মাইল দীর্ঘ একটি পথ স্থানীয় ট্রাফিককে I-190 থেকে উত্তর দিকে অথবা দক্ষিণ দিকে বের হওয়ার পথ 19 (হোয়াইটহ্যাভেন রোড) পর্যন্ত নিয়ে যাবে। I-190

থেকে দক্ষিণ দিকে বের হওয়ার জন্য ভ্রমণকারী মোটরযান চালকরা এক্সিট 18 দিয়ে সাউথ পার্কওয়ে (বিভার আইল্যান্ড স্টেট পার্ক/উত্তর দিকে বের হওয়ার পথ থাকবে না) হয়ে গমন করতে পারবেন। অন্য পথ দিয়ে ঘুরে যাওয়ার সাইন স্থাপন করা হবে।

প্রকল্পটির কন্ট্রাক্টর হচ্ছে ওয়েস্ট সেনেকা, NY-এর ইউনিয়ন কংক্রিট এন্ড কনস্ট্রাকশন কর্প. (Union Concrete and Construction Corp.)।

বিভিন্ন ধরনের মেসেজ সহ সাইন মোটরযান চালকদেরকে নির্মাণকাজ সম্পর্কিত এবং অন্য পথে ঘুরে যাওয়া সম্পর্কিত তথ্য জানিয়ে দিবে।

মোটরযান চালকদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে নিউ ইয়র্ক স্টেটে ওয়ার্ক জোনগুলোতে মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর জন্য দ্বিগুণ জরিমানা ভোগ করতে হয়। 2005 সালের ওয়ার্ক জোন সেফটি অ্যাক্ট(Work Zone Safety Act) অনুসারে, কোনও ব্যক্তি কাজের এলাকায় দুই বা তার বেশি বার গতিসীমা অতিক্রম করলে সেই ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স স্থগিত করা হতে পারে।

ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্য এবং রিয়েল-টাইম ট্রাফিক ক্যামেরার জন্য মোটরযান চালকদেরকে থ্রুওয়ে অথরিটির মোবাইল অ্যাপ ডাউনলোড করার জন্য উৎসাহিত করা হচ্ছে, যেটি আইফোন (iPhone) ও অ্যান্ড্রয়েড (Android) ডিভাইসের জন্য পাওয়া যাচ্ছে।

এছাড়াও ভ্রমণকারীরা রিয়েল-টাইমে ট্রাফিক আপডেট পেতে থ্রুওয়ে অথরিটির ইন্টারঅ্যাকটিভট্রাভেলার ম্যাপ ভিজিট করতে পারেন এবং ট্রাফিক সংক্রান্ত তথ্য পেতে TRANSalerts-এর জন্য সাইন আপ করতে পারেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন